তারিখ 25 JUL 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# কোটালীপাড়ায় শিক্ষার্থী বহিষ্কার ॥ প্রতিবাদে শিক্ষক লাঞ্ছিত

**নিজস্ব সংবাদদাতা, গোপালগঞ্জ, ২৪ জুলাই ॥** শতবর্ষের ঐতিহ্যবাহী কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউশনে এক শিক্ষার্থীকে ক্লাস থেকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে স্কুলের সহকারী প্রধান শিক্ষক মতিয়ার হোসেনকে লাঞ্ছিত এবং প্রধান শিক্ষকের কক্ষ ভাংচুর করা হয়েছে। সোমবার দুপুরে এসব ঘটনা ঘটেছে। এ ঘটনায় পুলিশ ওই স্কুলের ৮ম শ্রেণীর শিক্ষার্থী সাকিব শেখ ও তার প্রতিবেশী মঈনুলকে (২০) আটক করেছে। ঘটনায় স্কুলের শিক্ষক, কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। শিক্ষক লাঞ্ছনা ও প্রধান শিক্ষকের কক্ষ ভাংচুরের ঘটনার সুবিচার না পেলে শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন কর্মসূচী করবেন বলে জানা গেছে। স্কুলের প্রধান শিক্ষক হিমাংশু কুমার পান্ডে জানিয়েছেন, কোটালীপাড়া সদরের অলিঠাপাড়া গ্রামের সাখাওয়াত হোসেন শেখের ছেলে সাকিব শেখ তাদের স্কুলের ৮ম শ্রেণীর শিক্ষার্থী। রবিবার শৃঙ্খলা ভঙ্গের দায়ে সাকিবকে ৭ দিনের জন্য মৌখিকভাবে বহিষ্কারাদেশ দেন সহকারী প্রধান শিক্ষক। পরে বেলা ১১টার দিকে ওই শিক্ষার্থীর পিতা সাখাওয়াৎ হোসেন স্কুলে এসে সহকারী প্রধান শিক্ষক মতিয়ার হোসেনকে লাঞ্ছিত করেন।

## বরিশালে বিক্ষোভ

স্টাফ রিপোর্টার বরিশাল থেকে জানান, ক্লাস ও পরীক্ষা বর্জন করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে তালা ঝুঁলিয়ে বিক্ষোভ প্রদর্শন করেছেন শিক্ষার্থীরা। সোমবার সকাল আটটা থেকে বেলা সাড়ে এগারোটা পর্যন্ত শিক্ষার্থীরা এ কর্মসূচী পালন করেন। বিক্ষুব্ধ শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতা ফিরোজুল ইসলাম নয়ন জানান, সাধারণ শিক্ষার্থীদের চলমান শান্তিপূর্ণ আন্দোলন কর্মসূচীর অংশ হিসেবে তারা ক্লাস ও পরীক্ষা বর্জন করে একাডেমিক ভবনে তালা ঝুঁলিয়ে দিয়েছেন। তিনি আরও জানান, নিয়োগ প্রক্রিয়ায় মুক্তিযোদ্ধার কোঠা না রাখায় নিন্দা ও তা বহাল করাসহ ভিসির অপসারণের দাবির পাশাপাশি শিক্ষার্থীদের আবাসন সমস্যা সমাধানের দাবিতে শিক্ষার্থীরা এ আন্দোলনে নেমেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর